

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
শের-ই-বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০১.২০১৮-৭২


তারিখঃ ১২ মার্চ ২০১৯

বিষয় : সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ডিসেম্বর, ২০১৮ এর পরীক্ষার কেন্দ্রের নাম, পরীক্ষার সময়সূচি, তারিখ ও বিষয় সম্পর্কিত নির্দেশাবলী।

পরীক্ষার কেন্দ্রের নাম, সময়সূচি, তারিখ ও বিষয়

পরীক্ষার তারিখ, দিন ও সময়	পরীক্ষার কেন্দ্রের নাম	বিষয়ের নাম ও কোড নম্বর	পরীক্ষার বিষয়/পত্র
১	২	৩	৪
২৫.৩.২০১৯ খ্রিঃ, সোমবার অপরাহ্ন ১:৩০টা থেকে ৪:৩০ টা	বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রধান কার্যালয়, শের-ই- বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা।	বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি - ৭০১	প্রথম পত্র
২৭.৩.২০১৯ খ্রিঃ, বুধবার অপরাহ্ন ১:৩০টা থেকে ৪:৩০ টা	-এ-	সাধারণ আইন, বিধি ও পদ্ধতি এবং আর্থিক ব্যবস্থাপনা - ৭০২	দ্বিতীয় পত্র
৩১.৩.২০১৯ খ্রিঃ, রবিবার অপরাহ্ন ১:৩০টা থেকে ৪:৩০ টা	-এ-	সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের নিজস্ব কার্যাবলীর সংগে সম্পর্কিত বিষয়াবলি - ৭০৩	তৃতীয় পত্র

২. যোগ্য প্রার্থীদের নামের তালিকা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে কিছু দিনের মধ্যে দেয়া হবে। যোগ্য প্রার্থীদেরকে ওয়েব সাইট হতে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। কমিশন হতে কোন প্রকার প্রবেশপত্র/ডুপ্লিকেট প্রবেশপত্র প্রদান করা হবে না। লিথোকোড সংযুক্ত উত্তরপত্র পূরণের নিয়মাবলী এবং এ সংক্রান্ত অন্যান্য তথ্য কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd তে পাওয়া যাবে।


[মোঃ রাজা মিয়া]
পরিচালক
ফোন : ৫৫০০৬৬৩০

সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ডিসেম্বর, ২০১৮ সম্পর্কিত নির্দেশাবলী

- প্রবেশপত্র ব্যতীত কোন প্রকার বই, কাগজপত্র, ব্যাগ, ব্রিফকেস, মোবাইল ফোন, সায়েন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি পরীক্ষা হলে আনা সম্পূর্ণ নিষিদ্ধ। প্রবেশপত্র ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এ পরীক্ষা কমিশনের কোন আঞ্চলিক অফিসে অনুষ্ঠিত হবে না; শুধু ঢাকায় অনুষ্ঠিত হবে।
- এ পরীক্ষায় যে কোন রকম অসদুপায় অবলম্বনের জন্য একজন পরীক্ষার্থীকে হল হতে বহিস্কার করা হতে পারে। পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাঁকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা/ অন্য যে কোন পরীক্ষায় অংশ গ্রহণের জন্য এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত যে কোন পদের জন্যও অযোগ্য ঘোষণা করা হতে পারে। এছাড়া, ক্ষেত্রবিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হতে পারে। তদুপরি বিভাগীয় মামলা দায়ের করার জন্যও কমিশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সুপারিশ করতে পারে।

ক্রমশ/০২

